ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৩৩

আগরতলা,২০ আগস্ট,২০২৫

# ৩৪তম মণিপুরী ভাষা দিবস অনুষ্ঠানের সূচনা




আজ থেকে নজরুল কলাক্ষেত্রে দু'দিনব্যাপী ৩৪তম মণিপুরী ভাষা দিবস অনুষ্ঠানের সূচনা হয়েছে। ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ইম্ফলস্থিত মণিপুরী সাহিত্য পরিষদের সভাপতি এল. জয়চন্দ্র সিং। অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি বলেন, নিজের মাতৃভাষার প্রতি সম্মান ও ভালোবাসাই হচ্ছে একটা জাতির পরিচয়। মণিপুরী ভাষা ভারতীয় সংস্কৃতির অনেক পুরোনো একটি ভাষা। ১৯৯২ সালের ২০ আগস্ট ভারতীয় তহশিলে মণিপুরী ভাষা অন্তর্ভুক্ত হয়। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন মণিপুরী ভাষা উন্নয়ন উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান নীল কুমার সিনহা, মণিপুরী সাহিত্য পরিষদ ত্রিপুরা শাখার সভাপতি এল. বীরমঙ্গল সিং, ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা অধিদপ্তরের অধিকর্তা আনন্দহরি জমাতিয়া ও উপঅধিকর্তা সব্যসাচী সিং। অনুষ্ঠানে মণিপুরী সাহিত্য সংস্কৃতির বিকাশে বিশেষ অবদানের জন্য ৪ জনকে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানের শুরুতে একটি সুসজ্জিত র‍্যালি শহর পরিক্রমা করে। অনুষ্ঠানের দ্বিতীয় দিনে শহীদ ভগৎ সিং যুব আবাসে অনুষ্ঠিত হবে আলোচনাচক্র ও কবি সম্মেলন।

*****